

১০০

প্রিন্ট: ২৫ আগস্ট ২০২৫, ০৯:৪৭ এএম

শিক্ষাত্মক

কলেজ শিক্ষকদের মান উন্নয়নে কাজ করবে জাতীয় বিশ্ববিদ্যালয়



তেজগাঁও (ঢাকা) প্রতিনিধি

প্রকাশ: ২৩ আগস্ট ২০২৫, ০৫:৩২ এএম

X



সংগ্রহীত ছবি

জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত প্রায় আড়াই হাজার কলেজের শিক্ষকদের দক্ষতা ও মান উন্নয়নে বিভিন্ন উদ্যোগ নিয়েছে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এর অংশ হিসেবে হিসাবরক্ষণ বিষয়ের শিক্ষকদের প্রশিক্ষণ এবং বিভাগীয় পর্যায়ে কর্মশালার আয়োজন করা হবে বলে জানিয়েছেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর এম এ এস এম আমানুল্লাহ।

একই সঙ্গে অধিভুক্ত কলেজে সুশাসন প্রতিষ্ঠা ও স্বচ্ছতা প্রতিষ্ঠায় মানসম্মত অডিট করার পরিকল্পনা করা হচ্ছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের এই উদ্যোগ সফল করতে ইনসিটিউট অব কস্ট ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস বাংলাদেশ আই সি এম এবি সহায়তা চেয়েছেন এ এস এম আমানুল্লাহ।

শুক্রবার (২২ আগস্ট) রাজধানীর নীলক্ষেত্রের আইসিএমএবি ভবনে অনুষ্ঠিত চতুর্থ কাউন্টিং এডুকেটরস কনফারেন্সে প্রধান অতিথির বক্তৃতায় এসব বলেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যানেলের।

তিনি বলেন, দেশের জনসংখ্যা অনেক হলেও দক্ষ জনবলের সংকট প্রকট। এর বড় কারণ শিক্ষায় পর্যাপ্ত বিনিয়োগ না করা। স্বাধীনতার পর অবকাঠামো উন্নয়নে গুরুত্ব দেয়া হয়েছে। দক্ষ জনশক্তি তৈরিতে সেভাবে পরিকল্পনা ও উদ্যোগ নেয়া হয়নি। ফলে জাতিসংঘের মিলেনিয়াম ডেভেলপমেন্ট গোল এমডিজি অর্জনে যতটা সফলতা এসেছে। সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল এসডিজিতে সেই সফলতা আসেনি।

জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে প্রতিবছর অন্তত ১০ লাখ ছাত্রছাত্রী স্নাতক ডিগ্রী অর্জন করছে আর ৪০ ভাগই চাকরি পায় না। এর মূল কারণ পুরনো গতানুগতিক সিলেবাস। তাই সিলেবাস সংস্কারের পাশাপাশি শিক্ষার্থীদের চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলার যোগ্য করে গড়ে তুলতে তথ্য প্রযুক্তি বিশেষ করে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সি বা এআই ব্যবহার ও একাধিক ভাষা শেখানোর উপর গুরুত্ব দিচ্ছে জাতীয় বিশ্ববিদ্যালয়।

উদ্বোধনী সেশনে আইসিএমএবির প্রেসিডেন্ট মাহতাব উদ্দিন আহমেদ বলেন, অর্থনীতির আকার বাড়লেও সে অনুযায়ী হিসাব রক্ষণ পেশায় জনবল বাড়েনি। পরিস্থিতি উন্নয়নে হিসাব রক্ষণ পেশায় দক্ষ জনবল বাড়ানোর পাশাপাশি মানুষকে নৈতিকভাবে দৃঢ় হতে হবে।

চতুর্থ একাউন্টিং এডুকেটর্স কনফারেন্সে অন্যান্যদের মধ্যে কনফারেন্স গভর্নর জামাল আহমেদ চৌধুরী, আইসিএমএবির এডুকেশন কমিটির চেয়ারম্যান মো. কাউছার আলম এবং সিএমএবির শিক্ষা বিষয়ক উপদেষ্টা ড. নিখিল চন্দ্র শীল বক্তব্য দেন।

দিনব্যাপী চতুর্থ একাউন্টিং এডুকেটর্স কনফারেন্সে সারাদেশ থেকে হিসাবরক্ষণ পেশা ও শিক্ষকতায় জড়িত অনেকে অংশ নেন।